

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬-৬-৬

তারিখঃ ০৬/০৪/২০১৬ খ্রিঃ

বিষয় : সবার জন্য বাসস্থান নিশ্চিত করার লক্ষ্যে গৃহহীনের তালিকা বাছাই সংক্রান্ত ইউনিয়ন/পৌরসভা কমিটি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী দেশে কোন মানুষ গৃহহীন থাকবে না মর্মে ঘোষণা করেছেন। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এবং “সবার জন্য বাসস্থান” নিশ্চিত করার লক্ষ্যে গৃহহীন পরিবারসমূহ চিহ্নিত করা দরকার। এজন্য প্রকাশ্যে ব্যাপক জনগণের উপস্থিতিতে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে তালিকা তৈরীর নিমিত্তে নিম্নরূপ কমিটি গঠন করা করা হলোঃ

ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বাছাই কমিটিঃ

- | | |
|---|------------|
| ১. উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তা ((উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)। | - আহ্বায়ক |
| ২. সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান। | - সদস্য |
| ৩. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১জন প্রধান শিক্ষক (সদর ওয়ার্ড)। | - সদস্য |

কমিটির অধিক্ষেত্রঃ কমিটি একটি নির্দিষ্ট ধার্যকৃত দিনে (আগামী ২০ মে ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে) উনুজস্থানে সকল উপকারভোগীদের উপস্থিতিতে গৃহহীন পরিবার চিহ্নিত করে সংযুক্ত ছক মোতাবেক গৃহহীন পরিবারের ডাটা সংগ্রহ ও তালিকা প্রস্তুত করবে। প্রস্তুতকৃত সকল ছকসহ তালিকা উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করতে হবে। বাছাইয়ের বিষয়ে ব্যাপক প্রচারণা করতে হবে এবং সকল ওয়ার্ড মেয়র/কমিশনারসহ গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০২। গৃহহীন বলতে-(ক) যার কোন জমি ও ঘর নেই তাঁকে বোঝাবে। তাঁকে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে ব্যারাকে পুনর্বাসন করা হবে।

(খ) যার ১-১০ শতাংশ জমি আছে কিন্তু ঘর নেই অথবা জরাজীর্ণ ঘরে বসবাস করে তাঁকে বোঝাবে। তাঁকে তাঁর নিজ জমিতে ঘর নির্মাণ করে দেয়া হবে।

(গ) যার কোন জমি নেই তিনি কমপক্ষে ০১ (এক) শতাংশ জমি দানসূত্রে অথবা অন্য কোনভাবে প্রাপ্ত হলে তাঁকে বোঝাবে। তাঁকে তাঁর প্রাপ্ত জমিতে ঘর নির্মাণ করে দেয়া হবে।

০৩। এমতাবস্থায়, গঠিত ইউনিয়ন/পৌরসভা বাছাই কমিটি আগামী ২০ মে ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে গৃহহীন পরিবারের তালিকা প্রণয়ন করবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার উপজেলা বাছাই কমিটির অনুমোদনসহ তা ৩১ মে, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে। জেলা টাস্ক ফোর্সের অনুমোদনসহ জেলা প্রশাসক ১৫ জুন, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তালিকা আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবে।

সংযুক্তিঃ প্রস্তাবিত ছক-০১ পাতা।

(মোঃ জাহিরুল হক)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

টেলিফোনঃ ৯১২৪১০০

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.....

অনুলিপিঃ

১। কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

২। জেলা প্রশাসক(সকল),

৩। অফিস কপি।

প্রস্তাবিত ছক

ইউনিয়নঃ

উপজেলাঃ

জেলাঃ

১	জমির উপকারভোগীর নাম	
২	পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নাম	
৩	উপকারভোগীর বয়স	
৪	বর্তমান ঠিকানা	
৫	জাতীয় পরিচয়পত্র নম্বর (পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে)	
৬	টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে)	
৭	উপকারভোগীর পেশা	
৮	মোট জমির পরিমাণ (যদি থাকে)	
৯	প্রস্তাবিত ভূমির তথ্য(যদি থাকে)	মোট জমি----- দাগ নং--- মৌজা-----জেএল নং----- ইউনিয়ন----- থানা/উপজেলা----- দলিল নম্বর/নামজারী- -----
১০	প্রস্তাবিত জমির চৌহদ্দি(যদি থাকে)	পূর্বে----- পশ্চিমে----- উত্তরে----- দক্ষিণে-----
১১	বর্তমান বাসস্থান সংক্রান্ত তথ্য (যদি থাকে)	ঘরের ধরণঃ সংখ্যাঃ
১২	অন্যের বাড়ী/সরকারী খাস জমিতে থাকেন কিনা?	

ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বাছাই কমিটির সদস্যদের স্বাক্ষর

সদস্য

সদস্য

আহ্বায়ক

প্রতিস্বাক্ষরঃ উপজেলা নির্বাহী অফিসার